



মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী এবং প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের জন্য একটি মোবাইল ফুড ভেন্ডর সিটিওয়াইড সুপারভাইজরি লাইসেন্সের জন্য আবেদন করার সুযোগ

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী এবং প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের জন্য মোবাইল ফুড ভেন্ডর সিটিওয়াইড সুপারভাইজরি লাইসেন্সের আবেদনপত্র প্রকাশ করেছে। একটি সিটিওয়াইড সুপারভাইজরি লাইসেন্স আপনাকে একটি পূর্ণ-মেয়াদি (পুরো বছরব্যাপী) সিটিব্যাপী মোবাইল ফুড ভেন্ডিং পারমিটের জন্য আবেদন করার সুযোগ দেয়।

আপনি এই ওয়েটিং লিস্টে থাকার জন্য আবেদন করতে পারেন যদি আপনার কাছে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর থেকে পাওয়া একটি বর্তমান, মেয়াদোত্তীর্ণ নয় এমন মোবাইল ফুড ভেন্ডর লাইসেন্স (ID ব্যাজ) থাকে এবং আপনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী হন বা আপনার কোনো প্রতিবন্ধিতা থাকে। এই ওয়েটিং লিস্টে সীমিত সংখ্যক স্থান থাকবে, যা এই ক্রমানুসারে হবে:

- প্রথম গ্রুপ: প্রতিবন্ধিতা থাকা মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী
- দ্বিতীয় গ্রুপ: প্রতিবন্ধিতা থাকা (মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী নন) ব্যক্তি
- তৃতীয় গ্রুপ: প্রতিবন্ধিতা নেই এমন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী

আপনি শুধুমাত্র একটি সুপারভাইজরি লাইসেন্স ওয়েটিং লিস্টেই থাকতে পারবেন। আপনি যদি অন্য কোনো সুপারভাইজরি লাইসেন্স ওয়েটিং লিস্টে থাকেন এবং এখন একজন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী হওয়া বা আপনার প্রতিবন্ধিতা থাকার কারণে এই ওয়েটিং লিস্টে থাকতে চান, তাহলে আপনি বর্তমানে যে সুপারভাইজরি লাইসেন্স ওয়েটিং লিস্টে রয়েছেন সেখান থেকে আপনাকে সরিয়ে দেওয়া হবে। আপনি যখন সুপারভাইজরি লাইসেন্সের জন্য আবেদন করবেন, তখন আপনাকে প্রমাণ দিতে হবে যে আপনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সমরকর্মী বা আপনার কোনো প্রতিবন্ধিতা রয়েছে।

সিটিওয়াইড সুপারভাইজরি লাইসেন্স ওয়েটিং লিস্টের আবেদনপত্র এবং আবেদনপত্রটি কীভাবে পূরণ করতে হবে তার নির্দেশিকা nyc.gov/health/mobilefood-এ পাওয়া যাচ্ছে। আবেদনপত্রটি আপনাকে ডাকযোগে পাঠানোর জন্য আপনি 311 নম্বরে কল করে 'mobile food' (ব্রাম্যমাণ খাবার) বলতে পারেন।

ওয়েটিং লিস্টের আবেদনপত্রগুলি অবশ্যই ইমেল বা ডাকযোগে পাঠাতে হবে এবং 28শে এপ্রিল, 2026 তারিখের মধ্যে পোস্টমার্ক করা থাকতে হবে।

আরও তথ্যের জন্য, nyc.gov/health/mobilefood দেখুন।